

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-২ অধিশাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং ৪৬.০৪৯.০০৯.০২.০০.০০৩.২০১৩- ০২২

তারিখ : ৩১/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় : অনিষ্পন্ন অডিট আপত্তির সর্বশেষ অবস্থা অবহিতকরণ।

- সূত্র : (ক) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ১৮২, তারিখঃ ১৬/০৫/২০১৬ খ্রিঃ।  
(খ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ২১৭, তারিখঃ ১২/০৬/২০১৬ খ্রিঃ।  
(গ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ৩০৫, তারিখঃ ১৪/০৭/২০১৬ খ্রিঃ।  
(ঘ) স্থানীয় সরকার বিভাগের অডিট-২ শাখার স্মারক নং- ৩৩৭, তারিখঃ ২/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর জেলাধীন বিভিন্ন পৌরসভার সৃষ্টিকাল/১৯৭২ হতে ২০১৫ সন পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদের সংখ্যা ও জড়িত টাকার পরিমাণ মন্ত্রণালয়কে নির্ধারিত ছক মোতাবেক অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। তদপ্রেক্ষিতে বিভিন্ন পৌরসভার অডিট আপত্তির সংখ্যা এবং স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে প্রাপ্ত অডিট আপত্তির সংখ্যার মধ্যে ভিন্নতা পরিলক্ষিত হওয়ায় অডিট আপত্তির সঠিক সংখ্যা এবং অনিষ্পন্ন অডিট আপত্তিতে জড়িত টাকার পরিমাণের সঠিক তথ্য জানা প্রয়োজন।

এমতাবস্থায়, তাঁর নিজ দপ্তরসহ জেলার বিভিন্ন পৌরসভাসমূহের সৃষ্টিকাল/১৯৭২ থেকে হালনাগাদ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম/সাধারণ অনুচ্ছেদসমূহের সর্বশেষ তথ্য পুনঃ যাচাইপূর্বক নিম্নলিখিত “ক ও খ” ছক মোতাবেক আগামী ১০(দশ) কার্যদিবসের মধ্যে বিশেষ বাহক মারফত এবং সফট কপি ই-মেইল নং [miahmd.mukul@yahoo.com](mailto:miahmd.mukul@yahoo.com) প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল। (কোন পৌরসভার অডিট আপত্তি না থাকলে শুন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে)।

ছক - “ক”

অগ্রিম :

ক্রমিক নং	পৌরসভার নাম	আপত্তির অর্থ বছর	অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী আপত্তি নিষ্পত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন অডিট আপত্তিতে জড়িত টাকার পরিমাণ	সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

ছক “খ”

সাধারণ :

ক্রমিক নং	পৌরসভার নাম	আপত্তির অর্থ বছর	অর্থ বছরওয়ারী আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী আপত্তি নিষ্পত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	অর্থ বছরওয়ারী অনিষ্পন্ন অডিট আপত্তিতে জড়িত টাকার পরিমাণ	সর্বমোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

উপপরিচালক (সকল)

স্থানীয় সরকার

জেলা :

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বাংলাদেশ কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ কম্পিউটার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৪. বিভাগীয় কমিশনার(ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ), বিভাগ।

৩১/১০/১৬  
(মোঃ এরশাদুল হক)  
উপসচিব  
ফোন-৯৫৪০৩২৬।

৫. যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৬. পরিচালক, স্থানীয় সরকার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ), বিভাগীয় কমিশনারের কার্যালয়।
৭. জেলা প্রশাসক (সকল)।
৮. মেয়র (সকল) পৌরসভা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
১১. সংরক্ষণ নথি।